

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)  
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা  
[www.bomd.gov.bd](http://www.bomd.gov.bd)

ডিসেম্বর

অক্টোবর, ২০২০ মাসে

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্ভাবনী কার্যক্রম/উদ্যোগ বাস্তবায়নের বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ মামুনুর রশীদ, উপপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)  
তারিখ : ২১.১২.২০২০  
সময় : সকাল ১১.০০ টা  
স্থান : বিএমডির সভা কক্ষ।  
উপস্থিত সদস্য : পরিশিষ্ট-ক

বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্ভাবনী কার্যক্রম/উদ্যোগ বাস্তবায়নের বিষয়ে আলোচনার লক্ষ্যে বিএমডির ইনোভেশন কমিটির সভাপতি জনাব মোঃ মামুনুর রশীদ, উপপরিচালক-এর সভাপতিত্বে বিএমডির সভা কক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়।


## ২.০ আলোচনা :

২.১ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। তিনি উল্লেখ করেন যে, রূপকল্প ২০২১ বাস্তবায়নে এবং জনপ্রশাসনে কাজের গতিশীলতা আনয়নে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের মাধ্যমে নাগরিক, প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ সবধরনের সেবাকে অধিকতর দ্রুত ও সহজ করার লক্ষ্যে নতুন নতুন উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করা আবশ্যিক। ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব আজিজুল হক সভায় অবহিত করেন যে, বিএমডির ২০২০-২০২১ অর্থবছরে ০৩ টি উদ্ভাবনী কর্মপরিকল্পনা রয়েছে। ১. ল্যান্ডভিত্তিক ফটোকপি পদ্ধতি চালুকরণ, ২. মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ ও আপিল বিভাগে দায়েরকৃত 'বিএমডি সংক্রান্ত মামলাসমূহ ডিজিটাল রেজিস্টার/আর্কাইভে' সংরক্ষণ; এবং ৩. বিএমডির ফ্রন্ট ডেস্ক/অপেক্ষাগারে একটি কিয়স্ক (Kiosk) মেশিন স্থাপনের মাধ্যমে 'নাগরিক সেবা (সিটিজেন চার্টার)' প্রদর্শন। সভায় জানানো হয়, ৩১.১২.২০২০ তারিখের মধ্যে 'ল্যান্ডভিত্তিক ফটোকপি পদ্ধতি' চালুকরণের বিষয়ে গত সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। সভাপতি কার্যক্রমটির অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে সদস্য সচিব জানান নির্ধারিত সময়ের মধ্যেই পরিকল্পনাটি বাস্তবায়ন করা হয়েছে। সভাপতি এতে সন্তোষ প্রকাশ করে নির্ধারিত সময়ের মধ্যে অবশিষ্ট কর্মপরিকল্পনাগুলো বাস্তবায়ন করার নির্দেশনা প্রদান করেন। ইনোভেশন কমিটির সদস্য এস.এম আশরাফুল আবেদীন আশা সভায় অবহিত করেন ২০২০-২০২১ অর্থবছরের কর্মপরিকল্পনায় থাকা বিএমডির ফ্রন্ট ডেস্ক/অপেক্ষাগারে একটি কিয়স্ক (Kiosk) মেশিন স্থাপনের বিষয়টি গুরুত্বপূর্ণ। কারণ কিয়স্ক (Kiosk) মেশিন স্থাপনের মাধ্যমে 'নাগরিক সেবাসমূহ (সিটিজেন চার্টার)' প্রদর্শনের ব্যবস্থা করা হলে বিএমডিতে আগত সেবাপ্রত্যাশীগণ ডিজিটাল ডিসপ্লের মাধ্যমে বিএমডির সকল সেবা সম্পর্কে সহজেই জানতে পারবে। কমিটির সকল সদস্য এতে সম্মতি প্রদান করেন।

৩.০ সিদ্ধান্ত : ৩১.০৩.২০২১ তারিখের মধ্যে বিএমডির ফ্রন্ট ডেস্ক/অপেক্ষাগারে একটি কিয়স্ক (Kiosk) মেশিন স্থাপনের মাধ্যমে 'নাগরিক সেবা (সিটিজেন চার্টার)' প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

\*

৪.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



27.12.2020

(মোঃ মামুনুর রশীদ)

সভাপতি, ইনোভেশন কমিটি

ও

উপপরিচালক

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)

০৬ পৌষ ১৪২৭

তারিখ : ২৯ ডিসেম্বর ২০২০

স্মারক নং : ২৮.০৭.০০০০.০০৪.৩৭.০০১.১২(অংশ-২). ৫৫০

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে

১। সিনিয়র সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (দু.আ. চিফ ইনোভেশন অফিসার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ);

২। কর্মকর্তা (সকল).....বিএমডি, ঢাকা;

৩। সংশ্লিষ্ট নথি।



27.12.2020

(মোঃ মামুনুর রশীদ)

উপপরিচালক